



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

জাতীয় কার্যালয়, গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০

ই-মেইল : bgguidesho@gmail.com

ফোন : ৪৮৩১৫৫০১, ৪৮৩১৫৫৯২



পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২৩-৩০৬(১০)

তারিখ : ২৮/০২/২০২৩

প্রেস রিলিজ

বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল-এর যুগ্ম জন্ম দিবস উপলক্ষে ২৮ ফেব্রুয়ারি, ২০২২ বিকাল ০৪:০০ টায় বেইলী রোড, গাইড হাউজ, জাতীয় কার্যালয় অডিটোরিয়ামে, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর জাতীয় কার্যালয় ও রাজধানী অঞ্চলের যৌথ উদ্যোগে বিশ্ব চিন্তা দিবস পালিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জনাব জুয়েনা আজিজ, সিনিয়র সচিব, (অবঃ) মাননীয় প্রধানমন্ত্রীর প্রাক্তন মূখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও উপদেষ্টা, বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন।

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার ও স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী জেবুন্নেছা বেগম অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থার প্রতিষ্ঠাতা লর্ড বেডেন পাওয়েল ও বিশ্ব চীফ গাইড লেডী ওলেভ বেডেন পাওয়েল-এর যুগ্ম জন্ম দিবস ২২ ফেব্রুয়ারি। তাঁদের জন্ম দিবসকে স্মরণীয় করে রাখার জন্য বিশ্বব্যাপী গাইড সদস্যবৃন্দ প্রতি বছর একটি থিম নিয়ে 'বিশ্ব চিন্তা দিবস' উদযাপন করে। এবারের থিম : **OUR WORLD, OUR PEACEFUL FUTURE The Environment & Peace.**

অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য দেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), ধন্যবাদ দেন প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), স্বাগত বক্তব্য দেন রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল। জাতীয় কমিশনারের বাণী পাঠ, প্রতিজ্ঞা নবায়ন, চিন্তা দিবসের চাঁদা প্রদান, মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও ট্যাপ্‌স এর মধ্য দিয়ে অনুষ্ঠান সম্পন্ন হয়। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড ও রেঞ্জাররা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করে। রাজধানীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের হলদে পাখি, গাইড, রেঞ্জার, গাইডার, গাইড সদস্য ও জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্যসহ ৩০০ জন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।





সাবিনা বেগম
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা

